ইত্তেফাক

তারিখ ... 31.5.78 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 5 ...

034

# চারটি বোর্ডের এইচ এস সি পরীক্ষা শুরু

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (মঙ্গলবার) হইতে দেশের ৪টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ১৯৭৮ সনের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা শুরু হইয়াছে। চলতি বছরের এই পরীক্ষায় সর্বমোট ৯৫ হাজার ৪ শত ৭৯ জন পরীক্ষার্থী অংশ নিতেছেন।

অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে ঢাকা বোর্ড হইতে ৩৩ হাজার ৫ শত ৭৬ জন, রাজশাহী বোর্ড হইতে ২৩ হাজার ১৭ জন, কুমিল্লা বোর্ড হইতে ২০ হাজার ৬ শত ৭৫ জন এবং যশোর বোর্ড হইতে ১৮ হাজার ২ শত ১১ জন পরীক্ষার্থী রহিয়াছেন।

চলতি বছর সারা দেশে

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## এইচ এস এস সি পরীক্ষা

(১ম পৃঃ পর)

সর্বমোট ২ শত ৬২টি পরীক্ষা কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হইতেছে। ইহাছাড়াও মালয়েশিয়ার কুয়ালালামপুরে একটি এবং লণ্ডনে অপর আরেকটি পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হইয়াছে।

ঢাকা মহানগরীতে চলতি এইচ,এস,সি পরীক্ষার সর্বমোট ১৯টি কেন্দ্র স্থাপন করা হইয়াছে। গতকালের প্রথম দিনে বাংলা ১ম পত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে ঢাকা কলেজ কেন্দ্রে ১জন, আদর্শ কলেজ কেন্দ্রে ১জন এবং রেসিডেন্সিয়াল মডেল কলেজ কেন্দ্র হইতে ১জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে।